অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো স্টেট জুড়ে জরুরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করার উদ্দেশ্যে 45 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন

স্টেটের অর্থায়ন জরুরি যোগাযোগ নেটওয়ার্ক শক্তিশালী এবং সামগ্রিক জরুরি সেবা প্রদানের কার্যকারিতা উন্নত করবে

জরুরি পরিষেবা প্রদানকে (Emergency Services Dispatching) সহায়তা করার উদ্দেশ্যে 10 মিলিয়ন মার্কিন ডলারের জননিরাপত্তা সমাধান স্থল অনুদানের (Public Safety Answering Point Grants) ধারাবাহিকতায় করা হল

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ 57টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে স্টেট জুড়ে জরুরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করার উদ্দেশ্যে 45 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা দিয়েছেন। এই তহবিল স্থানীয় সরকারগুলোকে জরুরি সেবা প্রদান সক্ষমতা শক্তিশালী করতে এবং সামগ্রিক জননিরাপত্তা কার্যক্রম উন্নত করতে সহায়তা করবে। 2019 স্টেটওয়াইড ইন্টারঅপারেবল কমিউনিকেশন গ্রান্ট প্রোগ্রাম কর্মসূচিটি (Statewide Interoperable Communications Grant) নয়টি আঞ্চলিক যোগাযোগ সংস্থার পৃষ্ঠপোষক, যেটি কাউন্টি, স্টেট এবং ফেডারেল সংস্থাগুলোর মধ্যে সমন্বয় করার পাশাপাশি, স্টেট জুড়ে অত্যন্ত গুরুত্বপুর্ণ জরুরী যোগাযোগব্যবস্থার উন্নতির দিকে গুরুত্ব প্রদান করে।

"প্রতিটি নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য জরুরি যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সঙ্কটের মুহূর্তে দ্রুত তথ্য প্রেরণের জন্য আমরা সর্বদা সর্বাধুনিক প্রযুক্তির অনুসন্ধান করছি," **গভর্নর কুওমো বলেন।** "এই তহবিল স্টেট জুড়ে যোগাযোগ নেটওয়ার্কগুলোকে শক্তিশালী করবে এবং জরুরি সেবা প্রদান ব্যবস্থা উন্নত করতে ও দক্ষতার সাথে পরিচালনা করতে মিউনিসিপ্যালটিগুলোর প্রয়োজনীয় সংস্থান নিশ্চিত করবে।"

<u>স্টেটওয়াইড ইন্টারঅপারেবল কমিউনিকেশন গ্রান্ট</u>

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ (Division of Homeland Security and Emergency Services) কর্তৃক পরিচালিত স্টেটওয়াইড ইন্টারঅপারেবল কমিউনিকেশন গ্রান্ট প্রোগ্রাম, 2010 সাল থেকে 57টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে। ফর্মুলা-ভিত্তিক এবং সেলুলার সারচার্জ রাজস্বের অর্থায়নের স্টেটওয়াইড ইন্টারপারলেবল কমিউনিকেশন গ্রান্ট, কাউন্টিগুলোকে জরুরি সেবা প্রদানকারীদের নিজেদের এবং

স্টেটের বিভিন্ন অঞ্চলের মধ্যে ব্যবহৃত সিস্টেমের, যেমন ল্যান্ড মোবাইল রেডিও সিস্টেম, গুরুত্বপূর্ণ উন্নয়ন করতে সহায়তা করে।

প্রতিটি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটি অবকাঠামো, সরঞ্জাম এবং প্রযুক্তি উন্নীতকরণ সংশ্লিষ্ট প্রকল্পগুলির তহবিলের জন্য আবেদন জমা দিতে পারে। এই তহবিলকে উপযুক্ত কাউন্টিগুলো বিভিন্ন কর্মকান্ডের জন্য ব্যবহার করতে পারে, যার মধ্যে আছে টাওয়ার ও অ্যান্টেনা সাইটগুলিতে নতুন সরঞ্জাম স্থাপন করার মাধ্যমে রেডিও কভারেজ প্রসারিত করা, পরবর্তী প্রজন্মের 9-1-1 প্রযুক্তি এবং স্ট্যান্ডার্ড বাস্তবায়ন করা, জনসাধারণের নিরাপত্তাজনিত রেডিও সিস্টেমের মধ্যে যোগাযোগ চ্যানেল স্থাপন করা, জরুরী পরিষেবা প্রদান কেন্দ্রগুলিকে একত্রিত করা, জনসাধারণের নিরাপত্তা প্রেরণ কেন্দ্রগুলির কার্যকলাপে সহায়তা করা এবং কাউন্টিগুলোর সিস্টেমগুলোকে একসাথে সংযুক্ত করতে সহায়তা করার জন্য নতুন প্রযুক্তি প্রয়োগ করা।

এই অনুদান সুদক্ষ আন্ত-আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা, সহযোগিতা এবং সামগ্রিকভাবে প্রাথমিক প্রতিক্রিয়াকারীর তৎপরতা উন্নত করতে প্রশিক্ষণ ও অনুশীলনেও সহায়তা করে।

অর্থবর্ষ 2019 স্টেটওয়াইড ইন্টারঅপারেবল কমিউনিকেশন গ্রান্ট অ্যাওয়ার্ড নিম্নে উল্লিখিত হল:

কাউন্টি	পুরস্কারের পরিমাণ	কাউন্টি	পুরস্কারের পরিমাণ
অ্যালবেনি	1,255,608 মার্কিন ডলার	নায়াগ্রা	680,557 মার্কিন ডলার
অ্যালেগেনি	775,128 মার্কিন ডলার	ওনিডা	839,306 মার্কিন ডলার
ব্রুম	685,422 মার্কিন ডলার	ওননডাগা	1,250,967 মার্কিন ডলার
সাত্তারোগাস	699,910 মার্কিন ডলার	ওন্টারিও	608,404 মার্কিন ডলার
ক্যাগুয়া	755,380 মার্কিন ডলার	অরেঞ্জ	822,055 মার্কিন ডলার
শটোকোয়া	636,624 মার্কিন ডলার	অর্লিন্স	458,672 মার্কিন ডলার
শেমাং	515,695 মার্কিন ডলার	অসউইগু	839,572 মার্কিন ডলার
শেনাঙ্গো	544,575 মার্কিন ডলার	অটসেগু	679,156 মার্কিন ডলার
ক্লিনটন	682,931 মার্কিন ডলার	পাটনাম	590,058 মার্কিন ডলার

কলাম্বিয়া	456,578 মার্কিন ডলার	রেনসেলার	749,475 মার্কিন ডলার
কোর্টল্যান্ড	919,969 মার্কিন ডলার	রকল্যান্ড	862,601 মার্কিন ডলার
ডেলাওয়্যার	460,776 মার্কিন ডলার	সারাটোগা	764,347 মার্কিন ডলার
ডাচেস	564,024 মার্কিন ডলার	স্কেনেকটেডি	647,319 মার্কিন ডলার
ইরি	1,157,456 মার্কিন ডলার	শোহারি	472,519 মার্কিন ডলার
এসেক্স	869,562 মার্কিন ডলার	স্কাইলার	422,876 মার্কিন ডলার
ফ্রাঙ্কলিন	709,240 মার্কিন ডলার	সেনেকা	410,827 মার্কিন ডলার
ফুলটন	491,882 মার্কিন ডলার	সেন্ট লরেন্স	848,652 মার্কিন ডলার
জেনেসি	698,572 মার্কিন ডলার	স্টুবেন	796,257 মার্কিন ডলার
গ্রিন	456,798 মার্কিন ডলার	সাফোক	969,888 মার্কিন ডলার
হ্যামিল্টন	540,451 মার্কিন ডলার	সুলিভান	649,285 মার্কিন ডলার
হার্কিমার	678,591 মার্কিন ডলার	টিওগা	385,432 মার্কিন ডলার
জেফারসন	766,944 মার্কিন ডলার	টোম্পকিন্স	656,292 মার্কিন ডলার
লুইস	720,830 মার্কিন ডলার	আলস্টার	563,271 মার্কিন ডলার
লিভিংস্টন	652,651 মার্কিন ডলার	ওয়ারেন	493,456 মার্কিন ডলার
ম্যাডিসন	755,104 মার্কিন ডলার	ওয়াশিংটন	729,068 মার্কিন ডলার
মনরো	1,638,587 মার্কিন ডলার	ওয়েইন	491,033 মার্কিন ডলার
মন্টগোমারি	383,222 মার্কিন ডলার	ওয়েস্টচেস্টার	680,308 মার্কিন ডলার

নাসাউ	988,685 মার্কিন ডলার	ওয়াইওমিং	443,485 মার্কিন ডলার
নিউ ইয়র্ক সিটি	5,405,242 মার্কিন ডলার	ইয়েটস	328,425 মার্কিন ডলার

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "যোগাযোগের স্পষ্ট এবং উন্মুক্ত লাইন স্থাপন করা যেকোনো জরুরি সেবা প্রদান অপারেশনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, এবং এটি হওয়ার জন্য, যথাযথ অবকাঠামো অবশ্যই উপস্থিত থাকতে হবে। এই তহবিলের কল্যাণে, এলাকাগুলো তাদের জরুরি যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী ও আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় সংস্থানগুলোতে প্রবেশাধিকার পাবে এবং দুর্যোগের সময় নিউ ইয়র্কবাসীর জন্য সময় যত দ্রুত সম্ভব সহায়তা নিয়োগ করা নিশ্চিত করতে পারবে।"

এই ঘোষণাটি জরুরি যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এলাকাগুলোকে সহায়তা করার উদ্দেশ্যে স্টেটের কর্মকান্ডকেও আরো এগিয়ে নেয়। সেপ্টেম্বর মাসে, জরুরি সেবা প্রদান কার্যক্রমকে সহায়তা করার উদ্দেশ্যে, গভর্নর কুউমো, স্টেট জুড়ে লোকালয়গুলোকে 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের ঘোষণা দেন। 2019-2020 সালের জননিরাপত্তা সমাধান স্থল অনুদান (Public Safety Answering Point (PSAP) Grant) 57টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটির মিউনিসিপ্যালটিকে তাদের 9-1-1 সাড়া এবং জরুরী পরিষেবা প্রেরণ কার্যক্রমের উন্নতিতে সহায়তা করে। বার্ষিক জননিরাপত্তা সমাধান স্থল (PSAP) অনুদান কাউন্টিকে স্টেটের দেয়া উপযুক্ত জন নিরাপত্তা কল-গ্রহণ এবং করার খরচ পরিশোধ করাকে সম্ভব করে।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ সন্ত্রাসবাদ ও অন্যান্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ, তার থেকে সুরক্ষা, তার জন্য প্রস্তুতি, তাতে সাড়া দেয়া এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য, ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES অনুসরণ করুন, অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###